দৈনিক
ইত্তেফাক

তারিখ 22 JAN 2009
পৃষ্ঠা ৪ কলাম ৭

ক্রেতা সেজে বই কিনবেন কর্মকর্তারা

# পাঠ্য বইয়ের সংকট নিরসনে শিক্ষা মন্ত্রণালয়ের নানা উদ্যোগ

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

পাঠ্যপুস্তকের সংকট নিরসন এবং বেশি মূল্যে বই বিক্রি রোধে কঠোর পদক্ষেপ নিতে যাচ্ছে শিক্ষা মন্ত্রণালয়। এর অংশ হিসাবে আজ, বৃহস্পতিবার থেকেই নানা পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। এনসিটিবি এবং শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তারা ক্রেতা সেজে লাইব্রেরিতে গিয়ে বই কিনবেন এবং বেশি মূল্যে বই বিক্রি করা হলে সংশ্লিষ্ট বিক্রেতাকে গ্রেফতার ও তার মাধ্যমে সিন্ডিকেটদের চিহ্নিত করবেন। পাঠ্যপুস্তক সংকট নিরসনে এনসিটিবির কার্যক্রমে অসন্তোষ প্রকাশ করে শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ গতকাল বুধবার এনসিটিবি চেয়ারম্যানকে কঠোরভাবে মনিটরিং এবং দায়ীদের চিহ্নিত করার নির্দেশ দেন। তিনি বলেন, কোনভাবেই অন্যায়কারীকে রেহাই দেয়া হবে না। স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে এ বিষয়ে পদক্ষেপ নিতে অনুরোধ জানানো হবে বলে তিনি সাংবাদিকদের জানান।

গতকাল এনসিটিবির সদস্য (পাঠ্যপুস্তক) অধ্যাপক ড. সিরাজুল ইসলাম ইত্তেফাককে জানান, বই সিন্ডিকেটদের প্রাথমিকভাবে চিহ্নিত করা হয়েছে। অচিরেই তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার জন্য সরকারের কাছে নামের তালিকা পাঠানো হবে।

অধ্যাপক ড. সিরাজুল ইসলাম গতকাল এক প্রেস বিজ্ঞপ্তিতে ছাত্র-ছাত্রী এবং অভিভাবকদের বইয়ের গায়ে লেখা মূল্যের চেয়ে বেশি দামে বই ক্রয় না করার অনুরোধ জানান। পাঠ্যপুস্তক অধিক মূল্যে বিক্রি হলে আইন প্রয়োগকারী সংস্থাকে জানানোর অনুরোধও জানান তিনি। কোন কৃত্রিম সংকট দেখা দিলে উন্মুক্ত পদ্ধতিতে পাঠ্যপুস্তক মুদ্রণ এবং বাজারজাত করা হবে বলে বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।